

ফ্যাকাল্টি অব ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি  
বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ



ভর্তি-নির্দেশিকা

বিভাগ: নেভাল আর্কিটেকচার এন্ড অফশোর ইঞ্জিনিয়ারিং

প্রোগ্রাম: বিএসসি ইন নেভাল আর্কিটেকচার এন্ড অফশোর ইঞ্জিনিয়ারিং

শিক্ষাবর্ষ: ২০২২-২০২৩

পরীক্ষার তারিখ	০৮ এপ্রিল ২০২৩ (শনিবার)
প্রবেশপত্র ডাউনলোড	৩১ মার্চ - ০৭ এপ্রিল ২০২৩
পরীক্ষার সময়	বিকাল ০৩:৩০ ঘটিকা থেকে ০৫:০০ ঘটিকা
পরীক্ষার সময়কাল	১ ঘন্টা ৩০ মিনিট
পরীক্ষা কেন্দ্রে প্রবেশ	বিকাল ০৩:০০ মিনিট

## ভর্তির যোগ্যতা:

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি বাংলাদেশ-এর ফ্যাকাল্টি অব ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি অনুষদ এর অধীনে নেভাল আর্কিটেকচার এন্ড অফশোর ইঞ্জিনিয়ারিং বিভাগে বিএসসি ইন নেভাল আর্কিটেকচার এন্ড অফশোর ইঞ্জিনিয়ারিং প্রোগ্রামে স্নাতক (সম্মান) শ্রেণিতে ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে ভর্তিচ্ছুক বাংলাদেশের নাগরিকদের কাছ থেকে নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

১। যে সকল শিক্ষার্থী ২০১৯ অথবা ২০২০ সালে মাধ্যমিক/ সমমানের পরীক্ষায় এবং ২০২১ অথবা ২০২২ সালের উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে কেবল সে সকল শিক্ষার্থী বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ- এর ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে নির্ধারিত শর্ত পূরণ সাপেক্ষে ভর্তির জন্য আবেদন করতে পারবে।

২। বিজ্ঞান শাখা হতে উচ্চ মাধ্যমিক/সমমানের এবং মাধ্যমিক/সমমানের পরীক্ষায় নূন্যতম G.P.A - 4.00 সহ উত্তীর্ণ হতে হবে।

৩। উচ্চ মাধ্যমিক/সমমানের পরীক্ষায় ইংরেজি, পদার্থবিজ্ঞান, রসায়ন এবং গণিত এ চারটি বিষয়ের মধ্যে যে কোন ২ টিতে "A" Grade থাকতে হবে। অন্যান্য সকল বিষয়ে নূন্যতম "B" Grade থাকতে হবে।

৪। ইংরেজি মাধ্যম এর শিক্ষার্থীদের ক্ষেত্রে - O-Level এ গণিত, পদার্থবিজ্ঞান এবং রসায়ন সহ নূন্যতম পাঁচ (০৫) টি বিষয়ে কৃতকার্য হতে হবে। দুই (০২) এর অধিক বিষয়ে "C" Grade আবেদনকারীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে। A-Level এ -গণিত, রসায়ন এবং পদার্থবিজ্ঞানসহ নূন্যতম তিন (০৩) টি বিষয়ে কৃতকার্য হতে হবে। একের অধিক "C" Grade আবেদনকারীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

## আবেদনের নিয়মাবলী:

৫। আবেদনকারীকে নির্ধারিত ওয়েবসাইট ([applyonline.bsrmu.edu.bd](http://applyonline.bsrmu.edu.bd)) এর মাধ্যমে ০১ মার্চ ২০২৩ থেকে ২৩ মার্চ ২০২৩ তারিখের মধ্যে আবেদন করতে হবে। প্রতি ফ্যাকাল্টি-এর জন্য আবেদন ফি ৭০০/- (টাকা সাতশত মাত্র)। নির্ধারিত আবেদন ফি মোবাইল ব্যাংকিং (নেগদ/ বিকাশ/ রকেট/ মাই ক্যাশ/ টি- ক্যাশ ইত্যাদি) এবং ডেবিট/ক্রেডিট কার্ড (VISA, Master Card) এর মাধ্যমে প্রদান করা যাবে। আবেদন ও ফি জমা দেয়ার বিষয়ে বিস্তারিত নির্দেশনা ও তথ্য বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে পাওয়া যাবে ([www.bsrmu.edu.bd](http://www.bsrmu.edu.bd))। ভর্তি পরীক্ষা নিম্নবর্ণিত ০৪ টি কেন্দ্রে একযোগে অনুষ্ঠিত হবে (ভর্তির আবেদন ফর্মে যে কেন্দ্রে পরীক্ষা দিতে ইচ্ছুক তা উল্লেখ করতে হবে)।

(ক) ঢাকা

(খ) চট্টগ্রাম

(গ) রংপুর

(ঘ) খুলনা

৬। ভর্তি পরীক্ষা ০৮ এপ্রিল ২০২৩ (রোজ শনিবার) বিকাল ০৩:৩০ ঘটিকায় অনুষ্ঠিত হবে।

৭। ভর্তি পরীক্ষায় প্রার্থীদের পরীক্ষার স্থান ওয়েবসাইটে ([www.bsrmu.edu.bd](http://www.bsrmu.edu.bd)) জানিয়ে দেয়া হবে।

৮। ভর্তি পরীক্ষা নৈর্ব্যক্তিক ও সংক্ষিপ্ত রচনামূলক এবং লিখিত (শূন্যস্থান পূরণ, সংক্ষিপ্ত ও রচনামূলক) উভয় পদ্ধতিতে মোট ০১ ঘন্টা ৩০ মিনিটের জন্য অনুষ্ঠিত হবে। উল্লেখ্য, উত্তরদান পদ্ধতি প্রশ্নপত্রের নির্দেশাবলি অংশে বর্ণিত থাকবে।

## ভর্তি পরীক্ষায় নম্বর ও সময় বন্টন নিম্নরূপঃ

অনুষদ	নৈর্ব্যক্তিক পরীক্ষা		সংক্ষিপ্ত ও রচনামূলক পরীক্ষা	
	নম্বর	সময়	নম্বর	সময়
ফ্যাকাল্টি অব ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি	৬০	৪৫ মিনিট	৪০	৪৫ মিনিট

৯। ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বর এবং মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় প্রাপ্ত GPA এর ভিত্তিতে মেধাস্কোর নির্ধারিত হবে।

১০। মোট ২০০ নম্বরের ভিত্তিতে শিক্ষার্থীদের মেধাতালিকা তৈরী করা হবে। ভর্তি পরীক্ষায় ১০০ নম্বর নির্ধারিত থাকবে এবং অবশিষ্ট ১০০ নম্বরের মধ্যে মাধ্যমিক/সমমান পরীক্ষায় ৫০ নম্বর এবং উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় ৫০ নম্বর নির্ধারিত থাকবে।

১১। পরীক্ষার উদ্দেশ্য হবে উচ্চ মাধ্যমিক পর্যায়ে অর্জিত জ্ঞান যাচাই করা। উচ্চ মাধ্যমিক পর্যায়ে পাঠ্যক্রমের ভিত্তিতে প্রশ্নপত্র প্রণয়ন করা হবে। ভর্তি পরীক্ষার নম্বর বন্টন হবে নিম্নরূপ:

বিষয়	নম্বর
ইংরেজি	২০
গণিত	২০
পদার্থবিজ্ঞান	২০
রসায়ন	২০
আইসিটি	২০
মোট নম্বর	১০০

### বিশেষ দ্রষ্টব্য

১। ভর্তির জন্য চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীকে ফরমের সাথে প্রয়োজনীয় সনদপত্র যথা-মার্কসীট/সার্টিফিকেটের সত্যায়িত ফটোকপি ছাড়াও নিম্নে উল্লিখিত কাগজসমূহ জমা দিতে হবেঃ

- প্রার্থী সর্বশেষ যে শিক্ষা প্রতিষ্ঠান থেকে উত্তীর্ণ হয়েছে সে প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রদত্ত প্রশংসাপত্র।
- উচ্চ মাধ্যমিক পরীক্ষার প্রবেশপত্রের ফটোকপি।
- মাধ্যমিক শ্রেণির রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি।
- ৫ কপি পাসপোর্ট সাইজ ছবি।

২। পরীক্ষার হলে নিম্নোক্ত ক্যালকুলেটর সমূহের মডেলের বাইরে অন্য কোন ব্র্যান্ড/মডেলের ক্যালকুলেটর ব্যবহার সম্পূর্ণরূপে নিষিদ্ধঃ

ব্র্যান্ড	মডেল
CASIO Scientific Calculators	fx-95ES PLUS, fx-100MS, fx-115MS, fx-350EX, fx-82EX, fx-350MS, fx-570ES, fx-570ES PLUS, fx-570MS, fx-991MS
CANON Scientific Calculators	F718S, F718SA, F718SG, F718SGA
SHARP Scientific Calculators	EL509X, EL531XH

৩। পরীক্ষার হলে মোবাইল ফোন বা তদুপ কোন ডিভাইস সঙ্গে রাখা সম্পূর্ণ নিষিদ্ধ।

৪। ভর্তি পরীক্ষার ফলাফল আগামী ১৫ মে ২০২৩ তারিখ প্রকাশ করা হবে।